শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
www.bteb.gov.bd
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.১৭.০০০০.৪০৩.৩৮.০০১.২২.১০৬৬ তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৮
০৮ মার্চ ২০২২

বিষয়: **এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ট্রেড সংযোজনের সাময়িক পাঠদানের অনুমতি প্রদান প্রসংগে।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি শাখা-০৩ এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৩.২৯.০০১.২১.১৪, তারিখ: ১৭ জানুয়ারি, ২০২২খ্রি. মোতাবেক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি শাখা-০৩ এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৩.২৯.০০১.২১.১৪, তারিখ: ১৭ জানুয়ারি, ২০২২খ্রি. মোতাবেক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ১৫-০৬-২০২১খ্রি. ও ২৩-০৯-২০২১খ্রি. সুপারিশ কমিটির সুপারিশ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ০২-১১-২০২১খ্রি. অ্যাফিলিয়েশন সংক্রান্ত সভার সিদ্ধান্তের আলোকে আপনার প্রতিষ্ঠানে এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২২ইং সাল হতে নিম্নলিখিত প্রতিষ্ঠানের উল্লেখিত ট্রেড ও বর্ণিত আসনে ট্রেড সংযোজনের জন্য প্রয়োজনীয় শর্তাবলী আরোপপূর্বক সাময়িকভাবে ১(এক) বছরের জন্য পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও কোড | অনুমোদিত ট্রেডের নাম ও কোড | আসন সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | আব্দুল জলিল কারিগরি কলেজ, ডাক: মাহমুদপুর, উপজেলা: মেলান্দহ, জামালপুর। | ১. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি | ৪০ | ৫ম ট্রেড |
| ২. | কুসুমপুরা হাই স্কুল এন্ড কলেজ, ডাক: কালারপোল, উপজেলা: পটিয়া, জেলা: চট্টগ্রাম। | ১. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি | ৪০ | ৩য় ট্রেড |
| ৩. | রৌমারী টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ডাক: শৌলমারী, উপজেলা:রৌমারী, জেলা: কুড়িগ্রাম। | ১.সিভিল কন্সট্রাকশন<br>২.রিফ্রিজারেশন এন্ড এয়োর কন্ডিশনিং | ৪০<br>৪০ | ৪র্থ ট্রেড<br>৫ম ট্রেড |
| ৪. | সাদেক আলী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ডাক: হালগড়া, উপজেলা: শ্রীবরদী, জেলা: শেরপুর। | ১. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি | ৪০ | ৩য় ট্রেড |

শর্তাবলী:

১. অনুমতি প্রাপ্তির এক বছরের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো, শিক্ষক-কর্মচারী, যন্ত্রপাতি, কাঁচামাল ও শিক্ষা উপকরণসহ শিক্ষা কার্যক্রম শুরু করতে হবে। অন্যথায় পাঠদানের অনুমতি বাতিল বলে গণ্য হবে।

২. দলিলের মালিকানা যাচাই করে সঠিক পাওয়া না গেলে পাঠদানের অনুমতি বাতিল করা হবে।

৩. এক বছর সময়কালে আপনার প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম বিষয়ক সুযোগ-সুবিধাদি সরেজমিনে পরিদর্শনপূর্বক সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি করা যাবে।

৪. প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার জন্য শিক্ষা প্রতিষ্ঠান অনুমোদন নীতিমালা অনুসরণ করতে হবে। প্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি প্রদানের সময় ও এ নীতিমালা অনুসরণ করা হবে।

৫. শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫২.১৬.০০৪.১৮-২৯২, তারিখ: ০২ ডিসেম্বর, ২০২০খ্রি. মোতাবেক বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন/পাঠদান/স্বীকৃতি প্রদান সংক্রান্ত

নীতিমালা-২০২০ এর বিধান অনুসরণ করতে হবে।

৬. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এস,আর,ও নং ২৬৭/আইন/২০০৯)এর বিধান অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

৭. বোর্ডের এস,আর,ও নং ২৬৭-আইন/২০০৯ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ ৪/১০ এম-৫০/৮৩/৫৬০ (১৫০০০) শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি ''নির্দেশিকা'' অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

৮. প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের জমা-খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

৯. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শাঃ-৩/১জি-০৭/২০১০(অংশ)/৪১৪/১, ৯ই নভেম্বর ২০১১ তারিখে অনুষ্ঠিত সভার ৩(গ) সিদ্ধান্ত মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক-কর্মচারীদের নিয়োগ প্রদান করতে হবে এবং এমপিও দাবী করা যাবে না।

১০. বোর্ডের সংশ্লিষ্ট শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও পাঠ্যসূচি অনুযায়ী এতদসংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

(১০.১) পাঠ্যসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং অন্যান্য সুযোগ সুবিধা সর্বদা সচল ও বহাল রাখতে হবে।

(১০.২) ক্লাস শুরুর পূর্বেই ট্রেড বিষয়ের যন্ত্রপাতি সংগ্রহপূর্বক ল্যাব/ওয়ার্কশপে বিন্যাসকরণ নিশ্চিত করতে হবে।

(১০.৩) বোর্ডের সংশ্লিষ্ট পাঠ্যসূচি অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস অনুষ্ঠান নিশ্চিত করত শিক্ষার মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(১০.৪) শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়নের জন্য গ্রন্থাগারে শিক্ষাক্রম সংশ্লিষ্ট প্রয়োজনীয় সংখ্যক পুস্তকের ব্যবস্থাকরত গ্রন্থাগার ব্যবহারের সুযোগ নিশ্চিত করতে হবে।

১১. বোর্ড প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বোর্ডের শিক্ষাবর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।

১২. পাঠদানের অনুমতি প্রাপ্তির পর শিক্ষার্থী ভর্তির পূর্বে বোর্ডের নির্ধারিত অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।

১৩. স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানে একনাগারে তিন বছর কোন ট্রেডে শিক্ষার্থী ভর্তি করা না হলে অনুমোদিত ট্রেড বাতিল করা হবে।

১৪. স্বীকৃতিপ্রাপ্তির ক্ষেত্রে পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ন্যূনতম ধারাবাহিকভাবে ০৩ (তিন) টি চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। যে কোন একটি চূড়ান্ত পরীক্ষায় বিদ্যমান আসনের ৬০% পরীক্ষার্থী অংশগ্রহণ করে আসনের ৪০% উত্তীর্ণ হলে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে পারবে। প্রতিষ্ঠানের বিদ্যমান নিজস্ব অবকাঠামো, জনবল কাঠামো অনুসারে পূর্ণকালীন ন্যূনতম ৫০% শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণ থাকতে হবে। প্রতিষ্ঠানের নামে প্রয়োজনীয় জমি ও ঐ জমির উপর প্রয়োজনীয় অবকাঠামো ব্যতিরেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হবে না। প্রযোজ্য শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হবে না। এক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

উল্লেখিত শর্ত/শর্তসমূহ পুরণে ব্যর্থ হলে বিধি অনুসারে সাময়িকভাবে পাঠদানের অনুমতি বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮-৩-২০২২

প্রকৌ. মোঃ খালেদ হোসেন

পরিদর্শক

বিতরণ :

১) অধ্যক্ষ, আব্দুল জলিল কারিগরি কলেজ, ডাক:
মাহমুদপুর, উপজেলা: মেলান্দহ, জামালপুর।

২) প্রধান শিক্ষক, কুসুমপুরা হাই স্কুল এন্ড কলেজ, ডাক:
কালারপোল, উপজেলা: পটিয়া, জেলা: চট্টগ্রাম।
৩) অধ্যক্ষ, রৌমারী টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস
ম্যানেজমেন্ট কলেজ, ডাক: শৌলমারী, উপজেলা:রৌমারী,
জেলা: কুড়িগ্রাম।
৪) অধ্যক্ষ, সাদেক আলী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,
ডাক: হালগড়া, উপজেলা: শ্রীবরদী, জেলা: শেরপুর।

স্মারক নম্বর: ৫৭.১৭.০০০০.৪০৩.৩৮.০০১.২২.১০৬৬/১ তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৮ / ০৮ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৪) পরিচালক ভোকেশনাল (অতিরিক্ত দায়িত্ব), ভোকেশনাল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫) জেলা প্রশাসক (চট্টগ্রাম, কুড়িগ্রাম, জামালপুর, শেরপুর)।
৬) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭) বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮) উপজেলা নির্বাহী অফিসার (পটিয়া, চট্টগ্রাম), (রৌমারী, কুড়িগ্রাম), (মেলান্দহ, জামালপুর), (শ্রীবরদী, শেরপুর)।
৯) জেলা শিক্ষা অফিসার, (চট্টগ্রাম, কুড়িগ্রাম, জামালপুর, শেরপুর)।
১০) উপসচিব, সংস্থাপন শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হতে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ২০২১-২০২২ শিক্ষাবর্ষ হতে অ্যাফিলিয়েশন ফি আদায় করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১১) উপসচিব, রেজিস্ট্রেশন শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হতে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের শিক্ষার্থীদের ২০২১সাল হতে রেজিস্ট্রেশন প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
১২) সিস্টেম এনালিস্ট-১, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ( উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের ট্রেড সংযোজনের তথ্য কম্পিউটারে ডাটা সংরক্ষণসহ নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৩) ডকুমেন্টেশন অফিসার, ডকুমেন্টেশন শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪) ইনফরমেশন অফিসার , সংস্থাপন শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫) চেয়ারম্যানের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬) অফিস নথি।

৮-৩-২০২২
প্রকৌ. মো: হুমায়ুন কবির
উপপরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)